তারিখ 0 2 JAN 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক বাংলা

# তিন হাজার প্রাথমিক বিদ্যালয়ের সরকারী অনুমোদন নেই

নিজস্ব সংবাদদাতা ঃ পঞ্চগড়, ১ জানুয়ারী।– রাজশাহী বিভাগের ১৬টি জেলায় বর্তমানে প্রায় ৩ হাজার ৫শ' ৭৬টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ফলে এসব বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা পর্যাপ্ত শিক্ষা গ্রহণের সরকারী সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। পাশাপাশি স্কুলসমূহে কর্মরত শিক্ষক- শিক্ষিকাগণও অর্থনৈতিক সমস্যার মধ্যে জীবনযাপন করছে।

প্রাথমিক শিক্ষা বিভাগের রাজশাহী বিভাগীয় দফতর সূত্রে জানা যায়, প্রথম অবস্থায় সম্পূর্ণ বেসরকারী উদ্যোগে এলাকার শিক্ষানুরাগী বিত্তশালীদের আর্থিক সহায়তায় এই বিদ্যালয়গুলো প্রতিষ্ঠা লাভ করে। পরবর্তীতে এলাকার শিক্ষিত বেকার যুবকদের এক প্রকার বিনামূল্যে শ্রমের বিনিময়ে ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান দেয়া হয়। স্কুল নির্মাণের পর এলাকাবাসীর চাঁদার মাধ্যমে শিক্ষাদানের যাবতীয় সরঞ্জাম সংগ্রহ করে প্রাথমিক শিক্ষাদানের চেষ্টা উক্ত বিদ্যালয়গুলোতে অব্যাহত রয়েছে।

বিদ্যালয়গুলো প্রতিষ্ঠা লাভের পর পর্যায়ক্রমে সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন অর্থাৎ নিবন্ধন দেওয়া হয়। নিবন্ধন দেওয়ার ক্ষেত্রে ঐ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী সংখ্যা ও উপস্থিতি, আয়-ব্যয়ের হিসাব, শিক্ষাদানের অগ্রগতি ইত্যাদি বিষয়গুলো সম্বন্ধে যাবতীয় তথ্য সংগ্রহ করে দেখা হয়। বেসরকারী বিদ্যালয়গুলোকে সরকারী অনুমোদন বা নিবন্ধীকৃত করা হলে বিদ্যালয়গুলো সর-কারী বেশ কিছু সুযোগ-সুবিধা পাবে। কিন্তু দুঃখজনক হলেও রাজশাহী বিভাগের ৩ হাজার ৫শ ৭৬টি বিদ্যালয় দীর্ঘদিন পূর্বে প্রতিষ্ঠা লাভ করলেও আজ পর্যন্ত সরকারী অনুমোদন পায়নি। ফলে এলাকার বিত্ত-বানদের দ্বারে দ্বারে হাত পেতে অত্যন্ত নাজুক অবস্থায় বিদ্যালয়গুলো খুড়িয়ে খুড়িয়ে চলছে। খুব শীঘ্রই এসব স্কুলের অনুমোদন দেয়া না হলে অনেক বিদ্যালয়ই বন্ধ হয়ে যাবার আশঙ্কা রয়েছে।